


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো  
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা।  
[www.bomd.gov.bd](http://www.bomd.gov.bd)

### নিলাম বিজ্ঞপ্তি

হবিগঞ্জ জেলার চুনাবুঘাট উপজেলাধীন ৪নং পাইকপাড়া ইউনিয়নের অন্তর্গত হলহলিয়া মৌজায় ব্যক্তিমালিকানাধীন জমিতে অনুমোদনহীনভাবে চারটি স্তুপে জমাকৃত ও একই মৌজা সংলগ্ন গিলানী ছড়ার দু'টি স্থানে বর্ষার পানিতে পাড় ভেঙ্গে আনুমানিক ৫ একর কৃষি জমিতে প্রাকৃতিকভাবে সমতল স্তুপাকারে জমা হওয়া সর্বমোট আনুমানিক ২,০০,০০০ (দুই লক্ষ) ঘনফুট জন্মকৃত সিলিকা বালু আগামী ১৬.০৯.২০১৮ খ্রি. তারিখ রোজ রবিবার দুপুর ১২.০০ টায় ৪ নং পাইকপাড়া ইউনিয়ন পরিষদের সভাকক্ষে উন্মুক্ত নিলামে বিক্রয় করা হবে। উক্ত নিলামডাকে অংশগ্রহণের জন্য আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে অনুরোধ করা যাচ্ছে।

শর্তাবলি:

- ১। নিলামডাকে অংশগ্রহণের পূর্বে জামানত বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা জমা প্রদান করে নাম তালিকাভুক্ত করতে হবে।
- ২। নিলামডাকে অংশগ্রহণকারীদের মধ্যে সর্বোচ্চ ডাককারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে নির্ধারিত নিলামডাকের ২৫% অর্থ ডাক সমাপ্তির সাথে সাথে নগদ/পে-অর্ডারের মাধ্যমে (পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো বরাবর) পরিশোধ করতে হবে।
- ৩। ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে নিলামডাকের সমুদয় অর্থ চালানোর মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করে উক্ত চালানোর মূল কপি জমাদানপূর্বক নিম্নস্বাক্ষরকারীর নিকট হতে কার্যাদেশ গ্রহণ করতে হবে। ব্যর্থতায় জামানতসহ জমাকৃত ২৫% অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।
- ৪। কার্যাদেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিজ দায়িত্বে সিলিকা বালু অপসারণ শেষ করতে হবে।
- ৫। গ্রহণযোগ্য দরদাতাকে মোট অর্থের উপর বিধি অনুযায়ী প্রযোজ্য ভ্যাট ও আয়কর পরিশোধ করতে হবে।
- ৬। অংশগ্রহণকারী দরদাতাগণ কর্তৃক প্রদত্ত দর নির্ধারিত দরের চেয়ে কম হলে বা অন্য কোন যুক্তিসংগত কারণে গ্রহণযোগ্য নাহলে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।



(এস.এম.আশরাফুল আবেদীন আশা)  
সহকারী পরিচালক


E-mail: [adgeochem@bomd.gov.bd](mailto:adgeochem@bomd.gov.bd)

নং- ২৮.০৭.০০০০.০০৫.৬৬.০০৮.১৩, ৬৬২.(২-৬)

তারিখ: ২৭ ভাদ্র ১৪২৫  
১১ সেপ্টেম্বর ২০১৮

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

- ১। পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, ১৫৩, পাইওনিয়ার রোড, সেগুন বাগিচা, ঢাকা।
  - ২। জেলা প্রশাসক, হবিগঞ্জ।
  - ৩। পুলিশ সুপার, হবিগঞ্জ।
  - ৪। উপজেলা নির্বাহী অফিসার, চুনাবুঘাট, হবিগঞ্জ (সার্বিক সহযোগিতা ও বিজ্ঞপ্তি ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
  - ৫। সহকারী কমিশনার (ভূমি), চুনাবুঘাট, হবিগঞ্জ (বিজ্ঞপ্তি ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
  - ৬। অফিসার ইনচার্জ, চুনাবুঘাট থানা, হবিগঞ্জ (নিলামের সময় প্রয়োজনীয় পুলিশ পোর্স প্রদানের অনুরোধসহ)।
  - ৭। চেয়ারম্যান, ৪ নং পাইকপাড়া ইউপি, চুনাবুঘাট, হবিগঞ্জ (বিজ্ঞপ্তি নোটিশ বোর্ড ও হাট-বাজারে প্রচারের অনুরোধসহ)।
  - ৮। জনাব মো: আব্দুর রউফ খান, জন্মকৃত সিলিকা বালুর জিম্মাদার ও সদস্য ৫ নং ওয়ার্ড, ৪ নং পাইকপাড়া ইউপি, চুনাবুঘাট, হবিগঞ্জ।
  - ৯। সম্পাদক, দৈনিক খোয়াই, হবিগঞ্জ (তাকে বিজ্ঞপ্তি ভিতরের পাতায় সীমিত পরিসরে একদিন প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ১০। অফিস কপি।



(এস.এম.আশরাফুল আবেদীন আশা)  
সহকারী পরিচালক